



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 22
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : 18.11.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

পড়াশোনার ফাঁকে ফাঁকে তোমরা সকলে খেলাধুলা কর। খেলাধুলা করলে শরীর ও মন ভালো থাকে। তবে তা কতকগুলো নিয়ম মেনে করতে হয়। সব সময় খেলাধুলা করা উচিত নয়।

ভোরবেলায় দৌড়াদৌড়ি করলে শরীর মজবুত হয়। তারপর আবার বিকেলে খেলাধুলার সময়। এই সময় কেউ হা-ডু-ডু, কেউবা খো-খো খেলে। বিকেলে অনেকে ঘুড়িও ওড়ায়। তবে এই সময় ফুটবল খেলাই সব থেকে ভালো।

ফুটবল খেলার কিছু নিয়ম আছে। প্রথমে দুটো দল করতে হয়। দু'দলে সমান সমান খেলোয়াড় থাকা চাই। যে মাঠে খেলা হবে সে মাঠটির মাঝখান থেকে খেলা শুরু হবে ফুটবল দিয়ে। আর এর দু'দিকে থাকবে দুটো দল। মাঠের দু'দিকেই থাকে তিনটি খুঁটি দিয়ে গোল করার জায়গা। এই তিন খুঁটির খোপের ভেতর বল পাঠাতে পারলেই গোল। যে দল এই খোপে যত বেশিবার পা দিয়ে বল মেরে পাঠাতে পারবে সে দলই তত গোলে জিতবে। তোমরা এই ফুটবল খেলাটিতে বেশ মজা পাবে। এই খেলা টি ভি-তে দেখেও শিখে নিতে পার।

১) কী করলে শরীর ও মন ভালো থাকে?

উঃ খেলাধুলা করলে শরীর ও মন ভালো থাকে।

২) ভোরবেলায় দৌড়াদৌড়ি করলে কী হয়?

উঃ ভোরবেলায় দৌড়াদৌড়ি করলে শরীর মজবুত হয়।

৩) বিকেলে কী কী খেলা হয়?

উঃ বিকেলে ফুটবল, হা-ডু-ডু, খো-খো ইত্যাদি খেলা হয়। অনেকে আবার ঘুড়িও ওড়ায়।

৪) ফুটবল খেলায় কটি দল থাকে?

উঃ ফুটবল খেলায় দুটো দল থাকে।

৫) কী দেখে ফুটবল খেলা শিখে নেওয়া যায়?

উঃ টি ভি দেখে ফুটবল খেলা শিখে নেওয়া যায়।

৬) ফুটবলে 'গোল' কাকে বলে?

উঃ ফুটবল খেলার মাঠের দুদিকেই থাকে তিনটি খুঁটি দিয়ে গোল করার জায়গা। এই তিন খুঁটির খোপের ভেতর বল পাঠাতে পারলেই গোল। একেই ফুটবলে 'গোল' বলে।

৭) অর্থ লেখ : মজবুত

মজবুত — শক্ত, টেকসই।

৮) বিপরীত শব্দ লেখ : শুরু

শুরু — শেষ।

৯) বাক্য রচনা কর : খেলোয়াড়

খেলোয়াড় — মেসি একজন বিখ্যাত ফুটবল খেলোয়াড়।

১০) শূন্যস্থান পূরণ কর :

সব সময় খেলাধুলা করা উচিত নয়।

১১) একবচনের রূপ লেখ : তোমরা

তোমরা — তুমি।

১২) পদ পরিবর্তন কর : নিয়ম

নিয়ম — নিয়মিত।